

অতনু

রানার স্মৃতির উদ্দেশে

তিস্তায় ভেসে গেছে অতনুর তরুণ শরীর
অতনুরও তনু ছিল, মন
শরীর গিয়েছে ভেসে, যাক
চোখের সামনে ফের কথা বলে

অতনু এখন

তবে কি এ যাওয়া, যাওয়া নয়

কোথায় গিয়েছে চলে অতনুর সবুজ শরীর
যদি বলি এ আসলে জয়
যদি বলি আরও বড় হয়ে
অতনুই হয়েছে সময়

গহীন বনে

গহীন বনে লুকিয়ে আছে দিঘি
দিঘির তলায় রহস্যময় শামুক
খোলের ভেতর মন-পোড়া এক মেয়ে
বৃষ্টি যদি নামবে চোখে, নামুক

অরূপ খোলে পিছটানুনী-লতা
উঠছে জেগে, নড়ছে দুলে জলে
কাঁদছে লতায় মন পোড়া সেই মেয়ে
রহস্যময় খেলাই শুধু চলে

নদী

আমি নদী আমার নদী
আমার তোমার কাছে যদি
তুমি দুঃখ ফেলে রাখি
তাকে জ্যান্ত জলের পাখি
 ভাসিয়ে নেবে তবে?

 ছেলে আমার ছেলে
তুমি আমার কাছে এলে
তোমায় নদীই হতে হবে

প্রতিশ্রুতি

খণ্ড সে তো পূর্ণতারই প্রতিশ্রুতি
খানিকটা বা জলের কাছে
খানিকটা বা ডাঙার কাছে
আমার কিছু প্রতিশ্রুতি দেওয়াই আছে
থাকছে খানিক, ভাঙছে কিছু
জীবন তো এই
পূর্ণ বলে নেই কিছু নেই
খণ্ড বলেও নেই কিছু নেই